

নজরুল বিশ্ববিদ্যালয়

নজরুল স্টাডিজের বৃত্তি পেলেন ১৯ শিক্ষার্থী

ত্রিশাল (ময়মনসিংহ) প্রতিনিধি



জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২৫

অর্থবছরের ইনস্টিউট অব নজরুল স্টাডিজ বৃত্তি প্রদান করা

হয়েছে। মঙ্গলবার (১৫ জুলাই) দুপুরে সম্মেলনকক্ষে বৃত্তি প্রদান

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন ইনস্টিউট অব

নজরুল স্টাডিজের দায়িত্বপ্রাপ্ত পরিচালক ও বিশ্ববিদ্যালয়ের

উপাচার্য প্রফেসর ড. মো. জাহাঙ্গীর আলম।

বিশেষ অতিথির বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার প্রফেসর

ড. জয়নুল আবেদীন সিদ্দিকী, ছাত্র পরামর্শ ও নির্দেশনা দণ্ডরের

পরিচালক ড. মো. আশরাফুল আলম ও প্রষ্ঠের ড. মো. মাহবুবুর

রহমান।

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের ছয়টি

অনুষদের বিভাগগুলোর মধ্যে ১৯টি বিভাগের ২০১৭-১৮

শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) নিয়মিত শিক্ষার্থীদের চূড়ান্ত পরীক্ষার

ফলের ভিত্তিতে প্রথম স্থান অর্জনকারী ১৯ জন শিক্ষার্থীকে

ইনসিটিউট অব নজরুল স্টাডিজ বৃত্তি দেওয়া হয়।

বৃত্তি পাওয়া প্রত্যেক শিক্ষার্থীকে ১০ হাজার টাকার চেক ও

সনদপত্র দেওয়া হয়।

বিশ্ববিদ্যালয়ের ছয়টি অনুষদের জন্য কবি পরিবারের সদস্যদের

নামে ছয়টি বৃত্তি প্রদান করা হয়। বৃত্তি পাওয়া শিক্ষার্থীরা হলেন

কলা অনুষদ (প্রমীলা বৃত্তি) বাংলা ভাষা ও সাহিত্য বিভাগের

মোছা, আজমিরা আক্তার, ইংরেজি ভাষা ও সাহিত বিভাগের

নাদিয়া আফরিন নিগার, সংগীত বিভাগের অনামিকা চন্দ কেয়া,

থিয়েটার অ্যান্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগের মো. স্যাকলাইন

আরাফাত, ফিল্ম অ্যান্ড মিডিয়া স্টাডিজ বিভাগের মুফিদা হাসান

মিথিলা।

বিজ্ঞান ও প্রকৌশল অনুষদ (কাজী সব্যসাচী বৃত্তি) কম্পিউটার

সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের মো. রাফিউল ইসলাম,

ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের আল্পনা

আক্তার কলি, এনভায়রনমেন্টাল সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং

বিভাগের তামাঙ্গা তাবাসুম কবীর।

সামাজিক বিজ্ঞান অনুষদ (কাজী অনিলকুন্দ বৃত্তি) অর্থনীতি বিভাগের

অনন্যা দেব রায়, লোকপ্রশাসন ও সরকার পরিচালনা বিদ্যা

বিভাগের মো. মুস্তাফিজুর রহমান, ফোকলোর বিভাগের নাইয়ার

সুলতানা বিপা, ন্যূবিজ্ঞান বিভাগের আফরোজা নাজনীন ইভা,
পপুলেশন সায়েন্স বিভাগের সুপ্রিয়া আচার্য্য, স্থানীয় সরকার ও
নগর উন্নয়ন বিভাগের নিশাত আনজুম।

ব্যবসায় প্রশাসন অনুষদ (বুলবুল বৃন্তি) হিসাববিজ্ঞান ও তথ্য
পদ্ধতি বিভাগের রুক্কাইয়া জান্মাত শ্রাবণী, ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং
বিভাগের মোছা. স্বপ্না আক্তার, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট
বিভাগের কাকলী আক্তার (বর্তমানে দেশের বাইরে)। চারুকলা
অনুষদ (উমা কাজী বৃন্তি) চারুকলা বিভাগের মাহিমা তানজুম।
আইন অনুষদ (কল্যাণী কাজী বৃন্তি) আইন ও বিচার বিভাগের
মোছা. ফারজানা ফেরদৌসী।